

যে কারণে এইচএসসি পরীক্ষার্থীদের জন্য আইনজীবী নিয়োগ করল মন্ত্রণালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:০৬, ১ আগস্ট ২০২৪



শিক্ষা মন্ত্রণালয়।

কোটা সংস্কার আন্দোলন ঘিরে সৃষ্ট পরিস্থিতিতে পুলিশ হেফাজতে থাকা এইচএসসি ও সমমান পরীক্ষার্থীদের জন্য আইনজীবী নিয়োগ করেছে শিক্ষা মন্ত্রণালয়।

বৃহস্পতিবার (১ আগস্ট) দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান পরিস্থিতিতে এখন পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী পুলিশের হেফাজতে থাকা তিন এইচএসসি পরীক্ষার্থীকে আইনি সহায়তা দিতে আইনজীবী নিয়োগ করেছে শিক্ষা মন্ত্রণালয়।

এর আগে, গতকাল বুধবার রাতে নটর ডেম কলেজ, বেগম বদরুন্নেসা মহিলা কলেজ, ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা কলেজসহ অন্তত ১৯টি কলেজের এইচএসসি পরীক্ষার্থীরা সামাজিক যোগাযোগমাধ্যমে পরীক্ষায় অংশ না নেওয়ার ঘোষণা দেন। তাদের দাবি

গ্রেপ্তার এইচএসসি পরীক্ষার্থী ও সাধারণ শিক্ষার্থীদের মুক্তি না দেওয়া পর্যন্ত তারা পরীক্ষায় বসবেন না।

এর প্রেক্ষিতে আজ শিক্ষা মন্ত্রণালয় গ্রেপ্তার এইচএসসি পরীক্ষার্থীদের আইনি সহায়তা দেওয়ার কথা জানাল।

এদিকে, চলমান এইচএসসি ও সমমানের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামী ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে স্থগিত পরীক্ষাগুলো নেওয়া শুরু হবে বলেও জানিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

এম হাসান